“আমি হাউযের কাছে উপস্থিত হব, এমনকি আমি তোমাদের মধ্য হতে আমার নিকটে আগত ব্যক্তিদেরকে দেখতে পাব আর তারপরই একদল মানুষকে দূরে সরিয়ে নেওয়া হবে। তখন আমি বলব: হে আমার রব! আমার লোক, আমার উম্মাতের অন্তর্ভুক্ত

আসমা বিনতু আবী বাকর রদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত, তিনি বলেছেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আমি হাউযের কাছে উপস্থিত হব, এমনকি আমি তোমাদের মধ্য
হতে আমার নিকটে আগত ব্যক্তিদেরকে দেখতে পাব আর তারপরই একদল মানুষকে দূরে সরিয়ে
নেওয়া হবে। তখন আমি বলব: হে আমার রব! আমার লোক, আমার উম্মাতের অন্তর্ভুক্ত। তখন বলা
হবে: তুমি কী অনুধাবন করতে পেরেছ যে, তারা তোমার পরে কী ধরণের আমল করেছে? আল্লাহর
কসম, তারা তাদের পিছনের দিকে অতিদ্রুত ছিটকে পড়েছিল।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন যে, কিয়ামাতের দিনে তার হাউযের কাছে তিনি উপনীত হবেন, যাতে তিনি তার উম্মাতের মধ্য হতে হাউযের কাছে আসা ব্যক্তিদেরকে দেখতে পান। এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে থাকা কিছু মানুষকে দূরে নিয়ে যাওয়া হবে। তখন তিনি বলবেন: হে আমার রব! (তারা) আমার লোক এবং আমার উম্মাত। তখন বলা হবে: তুমি কী জান যে, তাদের থেকে তোমার পৃথক হওয়ার পরে কী আমল করেছিল? আল্লাহর কসম! তারা তাৎক্ষণিক তাদের পিছনে ফিরে গিয়েছিল, এবং দীন থেকে মুরতাদ হয়ে গিয়েছিল< সুতরাং তারা তোমার লোকও নয় আবার তারা তোমার উম্মাতও নয়।

https://sunnah.global/hadeeth/bn/show/65031